যে ব্যক্তি বাদশাহকে অপমান করল, আল্লাহ তাকে অপমান করবেন।

আবূ বকরাহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, “যে ব্যক্তি বাদশাহকে অপমান করল, আল্লাহ তাকে অপমান করবেন।” [হাসান] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

এ হাদীসটিতে বাদশার আদেশসমূহকে হালকাভাবে দেখা নিষিদ্ধ হওয়া বিষয়ে আলোচনা করা হয়েছে। কারণ, তার ওপর বর্তাবে দুনিয়া ও আখিরাতে আল্লাহর অপমান করার মতো কঠিন হুমকী। আর শাস্তি সাধারণত আমলের ধরণ অনুযায়ী হয়ে থাকে।

http://sunnah.global/hadeeth/bn/show/6371